

পরীক্ষা কেন্দ্রে শিক্ষক লাঞ্চিত  
**ভাণ্ডারিয়ায় ইউএনওর অপসারণ  
দাবিতে আলটিমেটাম**

**যুগান্তর রিপোর্ট**

এইচএসসি পরীক্ষা চলাকালীন ভাণ্ডারিয়া সরকারি কলেজ কেন্দ্রে কর্তব্যরত শিক্ষককে নির্বাহী ম্যাজিস্ট্রেট লাঞ্চিত করার ঘটনায় আলটিমেটাম দিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সচিব। রোববার জনপ্রশাসন সচিব ও বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো পৃথক পত্রে এ আলটিমেটাম দেয়া হয়। দাবি অনুযায়ী আগামী ২৩ এপ্রিলের পরীক্ষার পূর্বে ওই ম্যাজিস্ট্রেট এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রত্যাহার ও বিজ্ঞপ্তি ব্যবস্থা গ্রহণ এবং ওই কলেজের অধ্যক্ষকে অপসারণ করতে হবে। তা না হলে কর্মবিরতি ও পরীক্ষা বর্জন থেকে শুরু করে নানা কর্মসূচি পালন করা হবে।

এদিকে ২৫ ঘটনায় ক্ষুব্ধ প্রতিফিয়া জানিয়েছেন শিক্ষা ক্যাডারের সারা দেশের শিক্ষকরা। এ বিষয়ে বিসিএস শিক্ষা সমিতির মহাসচিব আই কে সেলিম উল্লাহ খোন্দকার বলেন, দায়িত্বরত ম্যাজিস্ট্রেট ও স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা ওই শিক্ষককে মধ্যযুগীয় ও বর্বরোচিত কায়দায় লাঞ্চিত ও অপমান করেন। তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করা হলে আমাদের আন্দোলনে নানা ছাড়া বিকল্প পথ নেই। কারণ এ ধরনের অন্যায় কখনও মেনে নেয়া

যায় না। জানা গেছে ৯ এপ্রিল এইচএসসি ইংরেজি ১ম পত্র পরীক্ষা চলাকালীন ভাণ্ডারিয়া সরকারি কলেজ কেন্দ্রে কর্তব্যরত প্রধান পর্যবেক্ষক ও শিক্ষা ক্যাডারের সদস্য মোনতাজ উদ্দিনের সঙ্গে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্বপ্রাপ্ত ওই উপজেলার সহকারী কমিশনার (ভূমি) আশরাফুল ইসলামের পরীক্ষা কক্ষে দায়িত্ব নিয়ে বাকবিতণ্ডা হয়। এ নিয়ে শিক্ষককে পা ধরে ফেলা চাইতে বাধ্য করানোর ঘটনা ঘটে। অবিলম্বে ওই ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে তাত্ক্ষণিক প্রত্যাহার এবং বিজ্ঞপ্তি ব্যবস্থা গ্রহণের দাবিতে বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব এবং রোববার জনপ্রশাসন সচিব ও মাউশির মহাপরিচালক বরাবর স্মারকলিপি দিয়েছে সমিতি।